

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১১৮/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ আবু জায়েদ খাঁন  
পিতা-মৃত-আঃ জলিল খাঁন  
ডাক-সাইতানতলা  
উপজেলা-সুন্দরগঞ্জ, জেলা-গাইবান্ধা।

প্রতিপক্ষ : মোঃ মোজাম্মেল হক  
প্রধান শিক্ষক  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা  
বেলকা মজিদপাড়া বালিকা উচ্চ বিদ্যালয়  
ডাকঘরঃ বেলকা, জেলা- গাইবান্ধা।

### সিদ্ধান্তপত্র

(তারিখ : ১৯-০৬-২০১৬ ইং)

অভিযোগকারী ০৪-০২-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, প্রধান শিক্ষক, বেলকা মজিদপাড়া বালিকা উচ্চ বিদ্যালয় বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ১। বিদ্যালয়টি প্রতিষ্ঠার সাল
  - ২। ২০১৬ সালের শ্রেণী ভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা
  - ৩। নিয়োগ ও যোগদানের তারিখ
  - ৪। প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকের নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ, নিয়োগ বোর্ডের সিদ্ধান্ত ও ম্যানেজিং কমিটির অনুমোদন রেজুলেশন
  - ৫। প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকের নিয়োগ বিজ্ঞপ্তির ফটোকপি।
- ২। তথ্য প্রাপ্তির আবেদনের পরিপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করেন। পরবর্তিতে অভিযোগকারী প্রধান শিক্ষকের সাথে যোগাযোগ করলে দীর্ঘদিন যাবৎ তথ্য দেয়ার বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ না করায় আপীল আবেদন না করেই তিনি ০২-০৫-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ২৫-০৫-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ১৯-০৬--২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ১৯-০৬--২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী গরহাজির কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।
- ৪। অভিযোগকারী গরহাজির থাকায় তার বক্তব্য পাওয়া যায় নি। তবে প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য প্রাপ্তির আবেদনের পরিপ্রেক্ষিতে চাহিত তথ্যাদি অভিযোগকারীকে সরবরাহ করা হয়েছে এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন।

## পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। অভিযোগকারীকে তার প্রার্থিত পূর্ণাঙ্গ তথ্য সরবরাহ করায়, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনাব মোঃ মোজাম্মেল হক, প্রধান শিক্ষক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বেলকা মজিদপাড়া বালিকা উচ্চ বিদ্যালয়, ডাকঘরঃ বেলকা, জেলা- গাইবান্ধা কে অব্যাহতি দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার